তারিখ 16 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
আমাদের সময়

# মির্জাগঞ্জের স্কুল কলেজে ক্লাস নেন ইউএনও

**মির্জাগঞ্জ প্রতিনিধি ●**
পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার চরখালী সমবায় মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শনে গিয়ে শিক্ষার্থীদের পাঠদান করলেন মির্জাগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার শাহ্ মোহাম্মদ রফিকুল ইসলাম। উপজেলার বিভিন্ন স্কুল-কলেজ ও মাদ্রসায় শিক্ষার মান উন্নয়নে প্রতিদিনই তিনি কোনো না কোনো শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে গিয়ে পাঠদান করছেন। চরখালী সমবায় মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক মাওলানা মো. আব্দুল মালেক জানান, গত বৃহস্পতিবার দুপুর ১২টার সময় উপজেলা নির্বাহী অফিসার শাহ্ মোহাম্মদ রফিকুল ইসলাম চরখালী সমবায় মাধ্যমিক বিদ্যালয় হঠাৎ করে পরিদর্শনে আসেন। এ সময় বিদ্যালয়ের সকল শিক্ষা কার্যক্রম পরির্দশন করেন। এর ফাঁকে বিদ্যালয়ের নবম শ্রেণিতে ইংরেজি ক্লাস চলাকালীন প্রবেশ করে তিনি ছাত্রছাত্রীদের পড়াশোনার খোঁজ-খবর নেন এবং প্রায় আধা ঘণ্টা সময় ধরে ইংরেজি ক্লাস নেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার শাহ্ মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন, আমি নিজেই শিক্ষক পরিবারের সন্তান। আমার পিতা একজন আদর্শবান শিক্ষক ছিলেন। এক সময় আমিও শিক্ষকতা করেছি। শিক্ষার মান উন্নয়নে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন অব্যাহত থাকবে। এটা আমার দ্বায়িত্বের মধ্যে পড়ে।